গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

রেজিস্ট্রার, বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল

এবং

সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়- এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই, ২০১৯-৩০ জুন, ২০২০

# সূচিপত্র


দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র ....................................................................................... ৩

প্রস্তাবনা ...................................................................................................................................... ৪

সেকশন ১: দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি .৫

সেকশন ২: দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact).......................৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য , অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ........................৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms)..........................................................................১৪

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি ....................... ১৫

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা ....................১৭

# বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল-এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র

**(Overview of the Performance of Bangladesh Veterinary Council)**

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যত পরিকল্পনাঃ**

**সাম্প্রতিক বছর সমূহের (৩বছর ) প্রধান অর্জন সমূহঃ-**

বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল (বিভিসি) মহান জাতীয় সংসদের আইন দ্বারা সৃষ্ট একটি সংবিধিবদ্ধ প্রতিষ্ঠান। বিগত ৩ বছরে এই প্রতিষ্ঠান ভেটেরিনারি শিক্ষার মান উন্নয়নের জন্য BVC Standard for Veterinary Education নামে আন্তর্জাতিক মানের একটি মানদন্ড প্রনয়ন করেছে, যা বাংলাদেশের ১২টি শিক্ষা প্রতিষ্ঠানে বাস্তবায়ন করা হচ্ছে। এদেশের ভেটেরিনারি পেশার গতিশীলতা ও জবাবদিহিতা বৃদ্ধির নিমিত্ত এবং ভেটেরিনারি শিক্ষার মান নিয়ন্ত্রণের জন্য "দি বাংলাদেশ ভেটেরিনারি প্র্যাকটিশনার্স অধ্যাদেশ-১৯৮২" কে সংশোধন ও সংযোজনের মাধ্যমে "বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল আইন - ২০১৯" নামে প্রণয়ন করে চূড়ান্ত খসড়া দাখিল করা হয়েছে, যা মহান জাতীয় সংসদে প্রক্রিয়াধীন আছে। বিগত ৩ বছরে কাউন্সিল ১২৯৩ জন ভেটেরিনারিয়ানকে ভেটেরিনারি প্র্যাকটিশনার্স রেজিস্ট্রেশন (ভি,পি,আর) ও ১৩৪২টি প্র্যাকটিশনার্স আইডি কার্ড (পিআইসি) প্রদান করেছে। তাছাড়া পেশাগত দক্ষতা বৃদ্ধির জন্য মোট ১০৯২ জন রেজিস্টার্ড ভেটেরিনারিয়ান কর্মশালা/ প্রশিক্ষণে অংশগ্রহণ করে। পর্যাপ্ত Working space এর জন্য ১০ তলা ভিতের উপর ৫ তলা বিশিষ্ট ভবণ নির্মাণের একটি প্রকল্প বাস্তবায়ন করা হচ্ছে। তাছাড়া জনবল বৃদ্ধির লক্ষ্যে ৬২টি পদ সৃজনের প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রক্রিয়াধীন আছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জ সমূহঃ-**

ভেটেরিনারি শিক্ষায় সমতা আনয়ন,শিক্ষার সুযোগ সুবিধা নিশ্চিত করা, অধিক কারিগরি জ্ঞান সম্পন্ন প্রাণি চিকিৎসক তৈরী করা, পেশার গুনগতমান বজায় রাখা এবং পেশাজীবিদের কারিগরি জ্ঞানকে সময় উপযোগী করা, ভেটেরিনারি শিক্ষা ও পেশার মান উন্নয়ন অন্যতম চ্যালেঞ্জ।

**ভবিষ্যত পরিকল্পনাঃ-**

ভেটেরিনারি শিক্ষা ও পেশার মান উন্নয়নে শিক্ষার মানদন্ডের বাস্তবায়ন,শিক্ষা প্রতিষ্ঠানে তদারকি বৃদ্ধি,কোর্স ক্যারিকুলামে সমতা আনয়ন, পেশাজীবিদের জন্য কর্মশালা/প্রশিক্ষণের আয়োজন,ইথিক্যাল মানদন্ড বজায় রাখা,পেশাজীবিদের চলমান শিক্ষা কার্যক্রম (CE) এর মধ্যে রাখা, নারী ভেটেরিনারিয়ানের সংখ্যা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহীতা নিশ্চিত করাসহ সামগ্রিক শৃংখলা আনয়ন।

**২০১৯-২০ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহঃ-**

- ৪৪০ জন ডিভিএম ডিগ্রীধারীকে ভেটেরিনারি প্র্যাকটিশনার্স রেজিস্ট্রেশন (ভি,পি,আর) প্রদান।
- ভেটেরিনারি শিক্ষার গুণগতমান উন্নয়নের জন্য ৭টি ভেটেরিনারি শিক্ষা প্রতিষ্ঠান (ভি,ই,আই) সরজমিনে পরিদর্শন।
- দক্ষতা বৃদ্ধির জন্য ৪৮০ জন ভেটেরিনারিয়ানকে কর্মশালা ও প্রশিক্ষণ প্রদান।
- ৪৫০ জনকে পেশাজীবী পরিচয় পত্র (পি,আই,সি) প্রদান।
- ১৬ টি প্র্যাকটিস কেন্দ্র (পি,সি) পরিদর্শন।

# প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থা সমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

রেজিস্ট্রার, বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল

এবং

সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর মধ্যে ২০১৯ সালের জুন মাসের ১৯ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেনঃ-

## সেকশন ১

দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision):

দক্ষ প্র্যাকটিশনার দ্বারা প্রাণির মানসম্মত স্বাস্থ্য সেবা (ভেটেরিনারি সার্ভিস) প্রদান নিশ্চিত করা।

### ১.২ অভিলক্ষ্য (Mission):

ভেটেরিনারি শিক্ষা ও পেশার মান নিয়ন্ত্রণের মাধ্যমে যথাযথ কারিগরি জ্ঞানসম্পন্ন দক্ষ ভেটেরিনারি প্র্যাকটিশনার তৈরী করা।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):

#### ১.৩.১ কাউন্সিলের কৌশলগত উদ্দেশ্যসমূহ:

১। ভেটেরিনারি শিক্ষার মান উন্নয়ন করা;
২। গুণগত মান সম্পন্ন ভেটেরিনারি পেশাজীবি নিশ্চিত করা;
৩। কারিগরি দক্ষতা সম্পন্ন ভেটেরিনারি প্র্যাকটিশনার তৈরী করা;
৪। ভেটেরিনারি পেশাজীবিদের মানোন্নয়নের মাধ্যমে সেবা নিশ্চিত করা।
৫। ভেটেরিনারিতে নারী শিক্ষার প্রসার।

#### ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ:

১। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ;

২। কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন;

৩। আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন;

৪। জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ ।

### ১.৪ কার্যাবলি :

১। বাংলাদেশ ও বাংলাদেশের বাহিরে অবস্থিত ভেটেরিনারি প্রতিষ্ঠানের ভেটেরিনারি বিষয়ে শিক্ষাগত যোগ্যতা ও প্রদত্ত ডিগ্রীর স্বীকৃতি প্রদান ;
২। ভেটেরিনারি প্র্যাকটিশনারদের নিবন্ধন,নিয়ন্ত্রণ এবং তাহাদের আইনগত অধিকার ও সুযোগ-সুবিধা সংরক্ষণ করা;
৩। ভেটেরিনারি শিক্ষা,পেশা ও সেবার মান নিয়ন্ত্রণ ও নীতিমালা প্রণয়ন এবং উহার উন্নয়নের জন্য গবেষণা ও সম্প্রসারণের ব্যবস্থা করা ;
৪। ভেটেরিনারি পেশা ও পেশাজীবিদের দক্ষতা সময়োপযোগী করা এবং রেজিস্টার্ড ভেটেরিনারিয়ানদের উচ্চতর ডিগ্রী বা প্রশিক্ষণ বা বিশেষায়িত জ্ঞানের সুযোগ সৃষ্টির জন্য প্রশিক্ষণের ব্যবস্থা করা;
৫। অপেশাজনিত বা অনৈতিক কাজে লিপ্ত ভেটেরিনারিয়ান ও নন-ভেটেরিনারিয়ানদের বিচারের আওতায় নিয়ে আসা।

## সেকশন ২

## দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | চূড়ান্ত ফলাফল সূচক | একক | প্রকৃত অর্জন ২০১৭-১৮ | প্রকৃত অর্জন* ২০১৮-১৯ | লক্ষ্যমাত্রা ২০১৯-২০ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্হাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২০-২১ | ২০২১-২০২২ | | |
| ভেটেরিনারি পেশাজীবীর সংখ্যা বৃদ্ধি | ভেটেরিনারি সেবার প্রাপ্যতা | সংখ্যা (জন/বছর) | ৪২০ | ৩৯০* | ৪৪০ | ৪৪৫ | ৪৫০ | বিভিসি ও ভেটেরিনারি শিক্ষা প্রতিষ্ঠান | বিভিসি-এর বার্ষিক প্রতিবেদন |
| পেশাজীবীর কারিগরী দক্ষতা বৃদ্ধি | ভেটেরিনারি পেশার মান উন্নয়ন | সংখ্যা (জন/বছর) | ৪০০ | ২০৯* | ৪৮০ | ৫০০ | ৫২০ | বিভিসি | বিভিসি-এর বার্ষিক প্রতিবেদন |

*সাময়িক (provisional) তথ্য

**সেকশন ৩**

**কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ**

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৭-১৮ | প্রকৃত অর্জন* ২০১৮-১৯ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০ | | | | | প্রক্ষেপণ ২০২০-২১ | প্রক্ষেপণ ২০২১-২০২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | | |
| [১] গুণগত মান সম্পন্ন ভেটেরিনারি পেশাজীবী নিশ্চিত করা; | ৩৫ | [১.১] ভেটেরিনারি পেশাজীবী রেজিস্ট্রেশন প্রদান। | [১.১.১] রেজিস্ট্রেশনকৃত পেশাজীবী | সমষ্টি | সংখ্যা | ২০ | ৪২০ | ৪৩০ | ৪৪০ | ৩৯৬ | ৩৫২ | ৩০৮ | ২৫৪ | ৪৪৫ | ৪৫০ |
| | | [১.২] ভেটেরিনারি প্র্যাকটিস কেন্দ্র পরিদর্শন ও তদারকি। | [১.২.১] পরিদর্শনকৃত প্র্যাকটিস কেন্দ্র | সমষ্টি | সংখ্যা | ৫ | ১২ | ১৪ | ১৬ | ১৪ | ১২ | ১১ | ৯ | ১৮ | ২০ |
| | | [১.৩] ইথিক্যাল মানদন্ড বাস্তবায়ন। | [১.৩.১] নৈতিকতা প্রাপ্ত পেশাজীবী | সমষ্টি | সংখ্যা | ৫ | ৩০০ | ৩১০ | ৩৩০ | ২৯৭ | ২৬৪ | ২৩১ | ১৯৮ | ৩৪০ | ৩৫০ |
| | | [১.৪] ভেটেরিনারি প্র্যাকটিস কেন্দ্রে বিনামুল্যে চিকিৎসা ও টিকা প্রদান। | [১.৪.১] চিকিৎসা ও টিকা দানকৃত প্রাণি | সমষ্টি | সংখ্যা | ৫ | | | ৫০০০ | ৪৫০০ | ৪০০০ | ৩৫০০ | ৩০০০ | | |
| [২] ভেটেরিনারি শিক্ষার মান উন্নয়ন করা; | ১৫ | [২.১] বিভিসি-এর শিক্ষার মানদন্ড বাস্তবায়নে তদারকি | [২.১.১] তদারকিকৃত শিক্ষা প্রতিষ্ঠান | সমষ্টি | সংখ্যা | ৫ | ২ | ৩ | ৩ | ৩ | ২ | ২ | ১ | ৩ | ৩ |
| | | [২.২] ভেটেরিনারি প্রতিষ্ঠান পরিদর্শন/তদারকি। | [২.২.১] পরিদর্শনকৃত প্রতিষ্ঠান | সমষ্টি | সংখ্যা | ৫ | ২ | ৩ | ৩ | ৩ | ২ | ২ | ১ | ৩ | ৩ |
| | | [২.৩] আসন সংখ্যা বৃদ্ধিতে উদ্ধুদ্ধকরণ। | [২.৩.১] উদ্ধুদ্ধকৃত প্রতিষ্ঠান | সমষ্টি | সংখ্যা | ৫ | ২ | ৩ | ৩ | ৩ | ২ | ২ | ১ | ৩ | ৩ |
| [৩] কারিগরি দক্ষতা সম্পন্ন ভেটেরিনারি প্র্যাকটিশনার তৈরী করা; | ১০ | [৩.১] প্র্যাকটিশনার আইডি কার্ড প্রদান। | [৩.১.১] পরিচয় পত্র প্রাপ্ত পেশাজীবী | সমষ্টি | সংখ্যা | ১০ | ৪২৫ | ৪৩০ | ৪৫০ | ৩৯৬ | ৩৫২ | ৩০৮ | ২৬৪ | ৪৬০ | ৪৭০ |
| [৪] ভেটেরিনারি পেশাজীবীদের মানোন্নয়নের মাধ্যমে সেবা নিশ্চিত করা। | ১০ | [৪.১] ভেটেরিনারি পেশাজীবীদের প্রশিক্ষণ প্রদান | [৪.১.১] প্রশিক্ষণপ্রাপ্ত ভেটেরিনারি পেশাজীবী | সমষ্টি | সংখ্যা | ৫ | ৪০০ | ১৫০ | ১৮০ | ১৬২ | ১৪৪ | ১২৬ | ১০৮ | ২০০ | ২২০ |
| | | [৪.২] ভেটেরিনারি পেশা ও শিক্ষার মানোন্নয়নের জন্য কর্মশালার আয়োজন | [৪.২.১] কর্মশালায় অংশগ্রহণকারী | সমষ্টি | সংখ্যা | ৫ | ৪০০ | ৩০০ | ৩০০ | ২৭০ | ২৪০ | ২১০ | ১৮০ | ৩০০ | ৩০০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৭-১৮ | প্রকৃত অর্জন* ২০১৮-১৯ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০ | | | | | প্রক্ষেপণ ২০২০-২১ | প্রক্ষেপণ ২০২১-২০২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | | |
| [৫] ভেটেরিনারিতে নারী শিক্ষার প্রসার। | ৫ | [৫.১] নারীদের ভেটেরিনারি শিক্ষায় উদ্বুদ্ধকরণ | [৫.১.১] উদ্বুদ্ধকৃত নারী পেশাজীবী | সমষ্টি | সংখ্যা | ৫ | ৯০ | ৯৫ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১১০ | ১২০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৭-১৮ | প্রকৃত অর্জন* ২০১৮-১৯ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০ | | | | | প্রক্ষেপণ ২০২০-২১ | প্রক্ষেপণ ২০২১-২০২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমুহ | | | | | | | | | | | | | | | |
| [১] কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি | ১০ | [১.১] দপ্তর/সংস্থায় ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | [১.১.১] সকল শাখায় ই-নথিব্যবহার | গড় | % | ১ | | | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | | |
| | | | [১.১.২] ই-ফাইলে নথি নিষ্পত্তিকৃত | গড় | % | ১ | | | ৭০ | ৬৫ | ৬০ | ৫৫ | ৫০ | | |
| | | | [১.১.৩] ই-ফাইলে পত্র জারীকৃত | গড় | % | ১ | | | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ | | |
| | | [১.২] দপ্তর/সংস্থাকর্তৃক ডিজিটাল সেবা চালু করা | [১.২.১] ন্যূনতম একটি নতুন ডিজিটাল সেবা চালুকৃত | তারিখ | তারিখ | ১ | | | ১৫.০২.২০ | ১৫.০৩.২০ | ৩১.০৩.২০ | ৩০.০৪.২০ | ৩০.০৫.২০ | | |
| | | [১.৩] দপ্তর/সংস্থাকর্তৃক উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন | [১.৩.১] ন্যূনতম একটি নতুন উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প চালুকৃত | তারিখ | তারিখ | ১ | | | ১১.০৩.২০ | ১৮.০৩.২০ | ২৫.০৩.২০ | ০১.০৪.২০ | ০৮.০৪.২০ | | |
| | | [১.৪] সেবা সহজিকরণ | [১.৪.১] ন্যূনতম একটি সেবা সহজিকরণ প্রসেস ম্যাপসহ সরকারি আদেশ জারিকৃত | তারিখ | তারিখ | ০.৫ | | | ১৫.১০.১৯ | ২০.১০.১৯ | ২৪.১০.১৯ | ২৮.১০.১৯ | ৩০.১০.১৯ | | |
| | | | [১.৪.২] সেবা সহজিকরণ অধিক্ষেত্রে বাস্তবায়িত | তারিখ | তারিখ | ০.৫ | | | ১৫.০৪.২০ | ৩০.০৪.২০ | ১৫.০৫.২০ | ৩০.০৫.২০ | ১৫.০৬.২০ | | |
| | | [১.৫] পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়নপত্র জারী করা | [১.৫.১] পি আর এল আদেশ জারিকৃত | গড় | % | ০.৫ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | | [১.৫.২] ছুটি নগদায়ন পত্র জারিকৃত | গড় | % | ০.৫ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | [১.৬] শূন্য পদের বিপরীতে নিয়োগ প্রদান | [১.৬.১] নিয়োগ প্রদানের জন্য বিজ্ঞপ্তি জারিকৃত | সমষ্টি | % | ০.৫ | | | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | | |
| | | | [১.৬.২] নিয়োগ প্রদানকৃত | সমষ্টি | % | ০.৫ | | | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | | |
| | | [১.৭] বিভাগীয় মামলা নিষ্পত্তি | [১.৭.১] বিভাগীয় মামলা নিষ্পত্তিকৃত | গড় | % | ১ | | | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | | | |
| | | [১.৮] তথ্য বাতায়ন হালনাগাদকরণ | [১.৮.১] সকল তথ্যহালনাগাদকৃত | গড় | % | ১ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৭-১৮ | প্রকৃত অর্জন* ২০১৮-১৯ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০ | | | | | প্রক্ষেপণ ২০২০-২১ | প্রক্ষেপণ ২০২১-২০২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমুহ | | | | | | | | | | | | | | | |
| [২] দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ | ৮ | [২.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | [২.১.১] সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ অন্যান্য বিষয়ে প্রশিক্ষণ আয়োজিত | সমষ্টি | জনঘন্টা | ১ | | | ৬০ | | | | | | |
| | | | [২.১.২] বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সকল প্রতিবেদন অনলাইনে দাখিলকৃত | সমষ্টি | সংখ্যা | ১ | | | ৪ | | | | | | |
| | | | [২.১.৩] এপিএ টিমের মাসিক সভার সিদ্ধান্ত বাস্তবায়িত | গড় | % | ০.৫ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | | [২.১.৪] মাঠ পর্যায়ের কার্যালয়ের ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনান্তে ফলাবর্তক (feedback) প্রদত্ত | তারিখ | তারিখ | ০.৫ | | | ৩১.০১.২০ | ০৭.০২.২০ | ১০.০২.২০ | ১১.০২.২০ | ১৪.০২.২০ | | |
| | | [২.২] জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন | [২.২.১] জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | সমষ্টি | % | ১ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | | | |
| | | | [২.২.২] ২০১৮-১৯ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | তারিখ | ১ | | | ১৫.১০.১৯ | ১৫.১১.১৯ | ১৫.১২.১৯ | ১৫.০১.২০ | ৩১.০১.২০ | | |
| | | [২.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | [২.৩.১] নির্দিষ্ট সময়ের মধ্যে অভিযোগ নিষ্পত্তিকৃত | গড় | % | ০.৫ | | | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | | | |
| | | | [২.৩.২] অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত মাসিক প্রতিবেদন মন্ত্রণালয়ে দাখিলকৃত | সমষ্টি | সংখ্যা | ০.৫ | | | ১২ | ১১ | ১০ | ৯ | | | |
| | | [২.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও বাস্তবায়ন | [২.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকৃত | গড় | % | ১ | | | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | | | |
| | | | [২.৪.২] নির্ধারিত সময়ে ত্রৈমাসিক বাস্তবায়ন প্রতিবেদন মন্ত্রণালয়ে দাখিলকৃত | সমষ্টি | সংখ্যা | ০.৫ | | | ৪ | ৩ | ২ | | | | |
| | | | [২.৪.৩] সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত | তারিখ | তারিখ | ০.৫ | | | ৩১.১২.১৯ | ১৫.০১.২০ | ০৭.০২.২০ | ১৭.০২.২০ | ২৮.০২.২০ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৭-১৮ | প্রকৃত অর্জন* ২০১৮-১৯ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০ | | | | | প্রক্ষেপণ ২০২০-২১ | প্রক্ষেপণ ২০২১-২০২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমুহ | | | | | | | | | | | | | | | |
| [৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৭ | [৩.১] বাজেট বাস্তবায়নে উন্নয়ন | [৩.১.১] বাজেট বাস্তবায়ন পরিকল্পনা প্রণীত | তারিখ | তারিখ | ০.৫ | | | ১৬.০৮.১৯ | ২০.০৮.১৯ | ২৪.০৮.১৯ | ২৮.০৮.১৯ | ৩০.০৮.১৯ | | |
| | | | [৩.১.২] ত্রৈমাসিক বাজেট বাস্তবায়ন প্রতিবেদন দাখিলকৃত | সমষ্টি | সংখ্যা | ০.৫ | | | ৪ | ৩ | | | | | |
| | | [৩.২] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়ন | [৩.২.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়িত | সমষ্টি | % | ২ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |
| | | [৩.৩] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৩.৩.১] ত্রিপক্ষীয় সভায় নিষ্পত্তির জন্য সুপারিশকৃত অডিট আপত্তি | সমষ্টি | % | ০.৫ | | | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ | | |
| | | | [৩.৩.২] অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | সমষ্টি | % | ০.৫ | | | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | | |
| | | [৩.৪] স্থাবর ও অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা | [৩.৪.১] স্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | তারিখ | ০.৫ | | | ০৩.০২.২০ | ১১.০২.২০ | ১৮.০২.২০ | ২৫.০২.২০ | ০৪.০৩.২০ | | |
| | | | [৩.৪.২] অস্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | তারিখ | ০.৫ | | | ০৩.০২.২০ | ১১.০২.২০ | ১৮.০২.২০ | ২৫.০২.২০ | ০৪.০৩.২০ | | |
| | | [৩.৫] ইন্টারনেট বিলসহ ইউটিলিটি বিল পরিশোধ | [৩.৫.১] বিসিসি/বিটিসিএল-এর ইন্টারনেট বিল পরিশোধিত | সমষ্টি | % | ১ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |
| | | | [৩.৫.২] টেলিফোন বিল পরিশোধিত | সমষ্টি | % | ০.৫ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |
| | | | [৩.৫.৩] বিদ্যুৎ বিল পরিশোধিত | সমষ্টি | % | ০.৫ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |

আমি, রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল, সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় হিসাবে রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

১৯/৬/১৯

রেজিস্ট্রার জেনারেল
বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

তারিখ

১৯/৬/১৯

সচিব
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

তারিখ

## সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | বিভিসি | বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল |
| ২ | ভিপিআর | ভেটেরিনারি প্র্যাকটিশনার্স রেজিস্ট্রেশন (Veterinary Practitioner's Registration-VPR) |
| ৩ | ভিইআই | ভেটেরিনারি শিক্ষা প্রতিষ্ঠান (Veterinary Educational Institute) |
| ৪ | পিসি | প্র্যাকটিস কেন্দ্র (Practice Center) |
| ৫ | পিআইসি | প্র্যাকটিশনার্স আইডি কার্ড (Practitioner's Identity Card) |
| ৬ | ভিএস | ভেটেরিনারি সেবা / ভেটেরিনারি সার্জন (Veterinary service/Veterinary Surgeon) |
| ৭ | ডিএলএস | প্রাণিসম্পদ অধিদপ্তর (Dept. of Livestock Services) |
| ৮ | আরভি | রেজিস্টার্ড ভেটেরিনারিয়ান (Registered Veterinarian) |
| ৯ | ডিভিএম | ডক্টর অব ভেটেরিনারি মেডিসিন (Doctor of Veterinary Medicine) |
| ১০ | ওআইই | বিশ্ব প্রাণিস্বাস্থ্য সংস্থা (International Office des Epizotics) |
| ১১ | এফআরভি | নারী রেজিস্টার্ড ভেটেরিনারিয়ান (Female Registered Veterinarian-FRV) |

## সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.১] ভেটেরিনারি পেশাজীবী রেজিস্ট্রেশন প্রদান। | [১.১.১] রেজিস্ট্রেশনকৃত পেশাজীবী | ডিভিএম গ্র্যাজুয়েটদের দক্ষতা এবং দাখিলকৃত তথ্যাদি যাচাইবাচাই পূর্বক ভেটেরিনারি প্র্যাকটিশনার্স রেজিস্ট্রেশন প্রদান করা হয়। তাই রেজিস্ট্রেশনকৃত পেশাজীবী (আরভি)-এর সংখ্যাই হবে পরিমাপের একক। | বিভিসি | কাউন্সিলে সংরক্ষিত রেজিস্টার | বিভিসি-এর বার্ষিক প্রতিবেদন |
| [১.২] ভেটেরিনারি প্র্যাকটিস কেন্দ্র পরিদর্শন ও তদারকি। | [১.২.১] পরিদর্শনকৃত প্র্যাকটিস কেন্দ্র | ভেটেরিনারিয়ানরা প্র্যাকটিস কেন্দ্রে কি মানের ভেটেরিনারি সেবা প্রদান করছে, প্রাণিকল্যাণ ও ইথিক্যাল মানদন্ড মেনে চলছে কিনা তা পরিদর্শন ও তদারকির মাধ্যমে মূল্যায়ন করা এবং প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা। কাজেই পরিদর্শনকৃত পিসি-এর সংখ্যাই ইহা নির্ণায়কের একক। | বিভিসি | বিভিসি-এর বার্ষিক প্রতিবেদন | বিভিসি-এর বার্ষিক প্রতিবেদন |
| [১.৩] ইথিক্যাল মানদন্ড বাস্তবায়ন। | [১.৩.১] নৈতিকতা প্রাপ্ত পেশাজীবী | রেজিস্টার্ড ভেটেরিনারি প্র্যাকটিশনারদের শপথবাক্য পাঠ করানো এবং বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল কর্তৃক প্রণীত কোড অব ভেটেরিনারি ইথিক্স ও ওআইই-এর প্র্যাকটিস সংক্রান্ত নির্দেশনা সম্পর্কে অবগত করা। সুতরাং কতজন আরভি-কে ইহা অবগত করা হলো সে সংখ্যাই এটি পরিমাপের একক। | বিভিসি | বিভিসি-এর বার্ষিক প্রতিবেদন | বিভিসি-এর বার্ষিক প্রতিবেদন |
| [১.৪] ভেটেরিনারি প্র্যাকটিস কেন্দ্রে বিনামূল্যে চিকিৎসা ও টিকা প্রদান। | [১.৪.১] চিকিৎসা ও টিকা দানকৃত প্রাণি | বঙ্গবন্ধুর জন্ম শতবার্ষিকী ্উপলক্ষ্যে প্র্যাকিটিস কেন্দ্রে নিয়ে আসা প্রাণিদের বিনামূল্যে চিকিৎসা ও টিকা প্রদান করা হবে। কাজেই চিকিৎসা ও টিকাদানকৃত প্রাণির সংখ্যাই হবে নির্ণায়কের একক। | বিভিসি | বিভিসি-এর বার্ষিক প্রতিবেদন | বাজেট বরাদ্দ প্রয়োজন। |
| [২.১] বিভিসি-এর শিক্ষার মানদন্ড বাস্তবায়নে তদারকি | [২.১.১] তদারকিকৃত শিক্ষা প্রতিষ্ঠান | বাংলাদেশে বর্তমানে ৮টি ভেটেরিনারি শিক্ষা প্রতিষ্ঠান থেকে ডিভিএম ডিগ্রী প্রদান করা হচ্ছে এবং আরও ৪টি প্রতিষ্ঠানে ভেটেরিনারি শিক্ষা কার্যক্রম শুরু হয়েছে। ভেটেরিনারি শিক্ষার মান উন্নয়নের জন্য BVC Standard for Veterinary Education প্রনয়ন করেছে। উক্ত মানদন্ডটি প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে সমভাবে বাস্তবায়নের লক্ষ্যে তদারকি জোরদার পূর্বক ৩টি প্রতিষ্ঠানে তা সঠিকভাবে বাস্তবায়ন করা। তাই শিক্ষার মানদন্ড বাস্তবায়নকৃত শিক্ষা প্রতিষ্ঠান (VEI)-এর সংখ্যাই হবে কর্মসম্পাদন সূচকের মানদন্ড। | বিভিসি ও ভিইআই | বিভিসি-এর বার্ষিক প্রতিবেদন | বিভিসি-এর বার্ষিক প্রতিবেদন |
| [২.২] ভেটেরিনারি প্রতিষ্ঠান পরিদর্শন/তদারকি। | [২.২.১] পরিদর্শনকৃত প্রতিষ্ঠান | কাউন্সিলের দায়িত্বপ্রাপ্ত প্রতিনিধি দল/কর্মকর্তা বিশ্ববিদ্যালয় পরিদর্শনপূর্বক সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে ভেটেরিনারি শিক্ষার ভৌত অবকাঠামোগত সুযোগ সুবিধা, লাইব্রেরী, ল্যাবরেটরী, খামার ও টিচিং ভেটেরিনারি হাসপাতাল ইত্যাদি আছে কিনা এবং কি মানের হাতে-কলমে শিক্ষা দেওয়া হচ্ছে তা সরজমিনে পরিদর্শন করবে। ইহাই পরিদর্শনকৃত ভিইআই-এর পরিমাপের মানদন্ড। | বিভিসি | বিভিসি ও ভিইআই বিভিসি-এর বার্ষিক প্রতিবেদন | বিভিসি ও ভিইআই বিভিসি-এর বার্ষিক প্রতিবেদন |
| [২.৩] আসন সংখ্যা বৃদ্ধিতে উদ্বুদ্ধকরণ। | [২.৩.১] উদ্বুদ্ধকৃত প্রতিষ্ঠান | ভেটেরিনারি শিক্ষার চাহিদা বেশি থাকাতে ভেটেরিনারি শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে শিক্ষার্থীদের আসন সংখ্যা বৃদ্ধির জন্য উদ্যোগ গ্রহণ করা হয়। এক্ষেত্রে উদ্বুদ্ধকৃত ভিইআই-এর সংখ্যাই হবে পরিমাপের একক। | বিভিসি | বিভিসি ও ভিইআই বিভিসি-এর বার্ষিক প্রতিবেদন | বিভিসি ও ভিইআই বিভিসি-এর বার্ষিক প্রতিবেদন |
| [৩.১] প্র্যাকটিশনার আইডি কার্ড প্রদান। | [৩.১.১] পরিচয় পত্র প্রাপ্ত পেশাজীবী | খামারী বা তৃণমূল পর্যায়ের সেবা গ্রহণকারীরা যথাযথ প্রাণীচিকিৎসক দ্বারা ভেটেরিনারি সেবা পাচ্ছে কিনা তা নিশ্চিত করার জন্য প্রত্যেক আরভিপি কে প্র্যাকটিশনার আইডি কার্ড প্রদান করা হচ্ছে। তাই পরিচয়প্রাপ্ত পেশাজীবী (পিআইসি)- এর সংখ্যাই ইহার পরিমাপক। | বিভিসি | কাউন্সিলে সংরক্ষিত রেজিস্টার | বিভিসি-এর বার্ষিক প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [৪.১] ভেটেরিনারি পেশাজীবীদের প্রশিক্ষণ প্রদান | [৪.১.১] প্রশিক্ষণপ্রাপ্ত ভেটেরিনারি পেশাজীবী | যেহেতু ভেটেরিনারি পেশা একটি বিশেষায়িত পেশা তাই প্র্যাকটিশনারদের কারিগরি দক্ষতা সময়োপয়োগী রাখার জন্য প্রশিক্ষণের আয়োজন করা হয়। প্রশিক্ষণে অংশগ্রহণকারী পেশাজীবী (আরভি)-এর সংখ্যাই এটি পরিমাপের মানদন্ড। | বিভিসি | বিভিসি-এর বার্ষিক প্রতিবেদন | বিভিসি-এর বার্ষিক প্রতিবেদন |
| [৪.২] ভেটেরিনারি পেশা ও শিক্ষার মানোন্নয়নের জন্য কর্মশালার আয়োজন | [৪.২.১] কর্মশালায় অংশগ্রহণকারী | ভেটেরিনারি শিক্ষা একটি বিশেষায়িত শিক্ষা। তাই প্র্যাকটিশনারদের কারিগরি জ্ঞান সময়োপয়োগী রাখার জন্য কর্মশালার আয়োজন করা হয়। কর্মশালায় অংশগ্রহণকারী পেশাজীবী (আরভি)-এর সংখ্যাই এটি পরিমাপের মানদন্ড। | বিভিসি | বিভিসি-এর বার্ষিক প্রতিবেদন | বিভিসি-এর বার্ষিক প্রতিবেদন |
| [৫.১] নারীদের ভেটেরিনারি শিক্ষায় উদ্বুদ্ধকরণ | [৫.১.১] উদ্বুদ্ধকৃত নারী পেশাজীবী | নারী শিক্ষার প্রসার ও নারীর ক্ষমতায়ন এস.ডি.জি-এর অন্যতম লক্ষ্য। তাই ভেটেরিনারি শিক্ষায় নারীর অংশ গ্রহণ বৃদ্ধি ও নারীর ক্ষমতায়ন নিশ্চিত করার জন্য নারী শিক্ষার্থীকে ভেটেরিনারি শিক্ষায় উদ্বুদ্ধকরণ করা প্রয়োজন। এ শিক্ষায় নারীর সংখ্যা বৃদ্ধির ফলে ভেটেরিনারি পেশায় নারীর ক্ষমতায়ন নিশ্চিত হবে। তাই নারী রেজিস্টার্ড নারী পেশাজীবীর (এফআরভি)-এর সংখ্যাই হবে ইহার পরিমাপক। বিভিসি-এর বার্ষিক প্রতিবেদন | বিভিসি | বিভিসি-এর বার্ষিক প্রতিবেদন | বিভিসি-এর বার্ষিক প্রতিবেদন |

**সংযোজনী ৩: অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের/অধিদপ্তর/সংস্থা-এর নিকট প্রত্যাশিত সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ**

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রত্যাশিত সহায়তা | প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| অন্যান্য | ডিএলএস ও অন্যান্য উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান | পরিদর্শনকৃত প্র্যাকটিস কেন্দ্র | তথ্য প্রাপ্তি ও সহযোগিতা | সেবার মান উন্নয়ন | সেবার মান বাধাগ্রস্থ হবে। |
| অন্যান্য | ভেটেরিনারি শিক্ষা প্রতিষ্ঠান | উদ্বুদ্ধকৃত প্রতিষ্ঠান | তথ্য প্রাপ্তি ও সহযোগিতা সমমানের ভেটেরিনারি শিক্ষার সুযোগ প্রত্যাশা পূরণের জন্য উদ্যোগ গ্রহণ | ভেটেরিনারি শিক্ষার সমতা আনয়ন ভেটেরিনারি শিক্ষার উন্নয়ন পেশাজীবীর সংখ্যা বৃদ্ধি | ভেটেরিনারি শিক্ষার মান উন্নয়ন বাধাগ্রস্থ হবে। পেশাজীবীর সংখ্যা বৃদ্ধি পাবে না। |
| অন্যান্য | ভেটেরিনারি শিক্ষা প্রতিষ্ঠান | তদারকিকৃত শিক্ষা প্রতিষ্ঠান | তথ্য প্রাপ্তি ও সহযোগিতা সমমানের ভেটেরিনারি শিক্ষার সুযোগ প্রত্যাশা পূরণের জন্য উদ্যোগ গ্রহণ | ভেটেরিনারি শিক্ষার সমতা আনয়ন ভেটেরিনারি শিক্ষার উন্নয়ন পেশাজীবীর সংখ্যা বৃদ্ধি | ভেটেরিনারি শিক্ষার মান উন্নয়ন বাধাগ্রস্থ হবে। পেশাজীবীর সংখ্যা বৃদ্ধি পাবে না। |